

প্রকৃত ভগ্নাংশঃ যে সব ভগ্নাংশের লব, হর অপেক্ষা ছোট, সেগুলো প্রকৃত ভগ্নাংশ।
যেকোনো প্রকৃত ভগ্নাংশের মান ১ থেকে ছোট।

অপ্রকৃত ভগ্নাংশঃ যে সব ভগ্নাংশের লব, হর অপেক্ষা বড়, সেগুলো অপ্রকৃত ভগ্নাংশ।

মিশ্র ভগ্নাংশঃ যে সব ভগ্নাংশে পূর্ণ সংখ্যার সাথে প্রকৃত ভগ্নাংশ যুক্ত থাকে, সেগুলো মিশ্র ভগ্নাংশ।
মিশ্র ভগ্নাংশের পূর্ণ অংশকে 'সমস্ত' পড়া হয়।

অপ্রকৃত ভগ্নাংশকে মিশ্র ভগ্নাংশে রূপান্তরঃ

- ❖ অপ্রকৃত ভগ্নাংশ ও রূপান্তরিত মিশ্র ভগ্নাংশের সঙ্গে যুক্ত প্রকৃত ভগ্নাংশের হর একই।
- ❖ অপ্রকৃত ভগ্নাংশের লবকে এর হর দিয়ে ভাগ করলে যে ভাগফল পাওয়া যায়, তাহলো রূপান্তরিত মিশ্র ভগ্নাংশের পূর্ণ অংশ।
- ❖ আর ভাগশেষ হচ্ছে রূপান্তরিত মিশ্র ভগ্নাংশের সঙ্গে যুক্ত প্রকৃত ভগ্নাংশের লব।

উদাহরণ। নিচের অপ্রকৃত ভগ্নাংশকে মিশ্র ভগ্নাংশে রূপান্তর কর:

$$(ক) \frac{১১}{৫} \quad (খ) \frac{৫৫}{১৬}$$

সমাধান :

$$(ক) \frac{১১}{৫} \quad \left| \begin{array}{r} ৫) ১১ (২ \\ \underline{১০} \\ ১ \end{array} \right.$$

$$\therefore \frac{১১}{৫} = ২ \frac{১}{৫}$$

সমাধান :

$$(খ) \frac{৫৫}{১৬} \quad \left| \begin{array}{r} ১৬) ৫৫ (৩ \\ \underline{৪৮} \\ ৭ \end{array} \right.$$

$$\therefore \frac{৫৫}{১৬} = ৩ \frac{৭}{১৬}$$

উদাহরণ ২। নিচের মিশ্র ভগ্নাংশগুলোকে অপ্রকৃত ভগ্নাংশে রূপান্তর কর :

$$(ক) ৩ \frac{১}{৫} \quad (খ) ৪ \frac{৫}{৭}$$

সমাধান :

$$(ক) ৩ \frac{১}{৫} = \frac{৩ \times ৫ + ১}{৫} = \frac{১৫ + ১}{৫} = \frac{১৬}{৫}$$

$$(খ) ৪ \frac{৫}{৭} = \frac{৪ \times ৭ + ৫}{৭} = \frac{২৮ + ৫}{৭} = \frac{৩৩}{৭}$$

$$\text{মিশ্র ভগ্নাংশ} = \frac{\text{পূর্ণ ভগ্নাংশ} \times \text{হর} + \text{লব}}{\text{হর}} = \text{অপ্রকৃত ভগ্নাংশ}$$

অনুশীলনী ৭(খ)

১। নিচের ভগ্নাংশগুলোর মধ্য থেকে প্রকৃত ভগ্নাংশগুলো চিহ্নিত কর :

$$(ক) \frac{২}{৩} \quad (খ) \frac{৯}{৫} \quad (গ) ২ \frac{১}{৩} \quad (ঘ) \frac{৪}{২৭} \quad (ঙ) \frac{৩৫}{১৭}$$

সমাধান :

(ক) $\frac{২}{৩}$ ভগ্নাংশটির লব ২, হর ৩ থেকে ছোট।

$\therefore \frac{২}{৩}$ একটি প্রকৃত ভগ্নাংশ।

(খ) $\frac{৯}{৫}$ ভগ্নাংশটির লব ৯, হর ৫ থেকে বড়।

$\therefore \frac{৯}{৫}$ একটি অপ্রকৃত ভগ্নাংশ।

(গ) $২ \frac{১}{৩}$ বা $\frac{২ \times ৩ + ১}{৩}$ বা $\frac{৭}{৩}$ ভগ্নাংশটির লব ৭, হর ৩ থেকে ছোট।

$\therefore ২ \frac{১}{৩}$ একটি প্রকৃত ভগ্নাংশ নয়।

(ঘ) $\frac{৪}{২৭}$ ভগ্নাংশটির লব ৪, হর ২৭ থেকে ছোট।

$\therefore \frac{৪}{২৭}$ একটি প্রকৃত ভগ্নাংশ।

ধরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

- (ঙ) $\frac{৩৫}{১৭}$ ভগ্নাংশটির লব ৩৫, হর ১৭ থেকে বড়।
 $\therefore \frac{৩৫}{১৭}$ একটি অপ্রকৃত ভগ্নাংশ।

২। ভগ্নাংশগুলোর মধ্য থেকে অপ্রকৃত ও মিশ্র ভগ্নাংশগুলো পৃথক কর :

- (ক) $\frac{২}{৩}$ (খ) $১\frac{১}{৪}$ (গ) $২৫\frac{১}{৩}$ (ঘ) $\frac{৫}{১৮}$ (ঙ) $\frac{৯}{১১}$
 (চ) $\frac{৭}{২০}$ (ছ) $১০\frac{১}{৫}$ (জ) $\frac{৪০}{৩৩}$ (ঝ) $\frac{৭৫}{১৮}$ (ঞ) $\frac{৮}{২৫}$

সমাধান :

- (ক) $\frac{২}{৩}$ ভগ্নাংশটির লব ২, হর ৩ থেকে ছোট এবং ভগ্নাংশটির সাথে পূর্ণসংখ্যা যুক্ত নেই।
 $\therefore \frac{২}{৩}$ একটি অপ্রকৃত বা মিশ্র ভগ্নাংশ নয়।
- (খ) $১\frac{১}{৪}$ ভগ্নাংশটিতে পূর্ণসংখ্যা ১ এর সাথে $\frac{১}{৪}$ প্রকৃত ভগ্নাংশ যুক্ত আছে।
 $\therefore ১\frac{১}{৪}$ একটি মিশ্র ভগ্নাংশ।
- (গ) $২৫\frac{১}{৩}$ ভগ্নাংশটিতে পূর্ণসংখ্যা ২৫ এর সাথে $\frac{১}{৩}$ প্রকৃত ভগ্নাংশ যুক্ত আছে।
 $\therefore ২৫\frac{১}{৩}$ একটি মিশ্র ভগ্নাংশ।
- (ঘ) $\frac{৫}{১৮}$ ভগ্নাংশটির লব ৫, হর ১৮ থেকে ছোট এবং ভগ্নাংশটির সাথে পূর্ণসংখ্যা যুক্ত নেই।
 $\therefore \frac{৫}{১৮}$ ভগ্নাংশটি অপ্রকৃত বা মিশ্র ভগ্নাংশ নয়।
- (ঙ) $\frac{৯}{১১}$ ভগ্নাংশটির লব ৯, হর ১১ থেকে ছোট এবং ভগ্নাংশটির সাথে পূর্ণসংখ্যা যুক্ত নেই।
 $\therefore \frac{৯}{১১}$ ভগ্নাংশটি অপ্রকৃত বা মিশ্র ভগ্নাংশ নয়।

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

(চ) $\frac{9}{20}$ ভগ্নাংশটির লব ৭, হর ২০ থেকে ছোট এবং ভগ্নাংশটির সাথে পূর্ণসংখ্যা যুক্ত নেই।

$\therefore \frac{9}{20}$ ভগ্নাংশটি অপ্রকৃত বা মিশ্র ভগ্নাংশ নয়।

(ছ) $10 \frac{1}{5}$ ভগ্নাংশটিতে পূর্ণসংখ্যা ১০ এর সাথে $\frac{1}{5}$ প্রকৃত ভগ্নাংশ যুক্ত আছে।

$\therefore 10 \frac{1}{5}$ একটি মিশ্র ভগ্নাংশ।

(জ) $\frac{80}{33}$ ভগ্নাংশটির লব ৪০, হর ৩৩ থেকে বড়।

$\therefore \frac{80}{33}$ ভগ্নাংশটি অপ্রকৃত ভগ্নাংশ।

(ঝ) $\frac{95}{18}$ ভগ্নাংশটির লব ৯৫, হর ১৮ থেকে বড়।

$\therefore \frac{95}{18}$ ভগ্নাংশটি অপ্রকৃত ভগ্নাংশ।

(চ) $\frac{8}{25}$ ভগ্নাংশটির লব ৮, হর ২৫ থেকে ছোট এবং ভগ্নাংশটির সাথে পূর্ণসংখ্যা যুক্ত নেই।

$\therefore \frac{8}{25}$ ভগ্নাংশটি অপ্রকৃত বা মিশ্র ভগ্নাংশ নয়।

সুতরাং অপ্রকৃত ভগ্নাংশগুলো হলো (জ) $\frac{80}{33}$, (ঝ) $\frac{95}{18}$

মিশ্র ভগ্নাংশ (খ) $1 \frac{1}{8}$, (গ) $25 \frac{1}{3}$, (ছ) $10 \frac{1}{5}$

৩। নিচের অপ্রকৃত ভগ্নাংশগুলোকে মিশ্র ভগ্নাংশে রূপান্তর কর :

(ক) $\frac{8}{3}$ (খ) $\frac{39}{18}$ (গ) $\frac{89}{19}$ (ঘ) $\frac{229}{25}$ (ঙ) $\frac{211}{30}$

(চ) $\frac{315}{39}$ (ছ) $\frac{809}{80}$ (জ) $\frac{521}{85}$ (ঝ) $\frac{950}{119}$ (ঞ) $\frac{1816}{203}$

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

সমাধান :

$$\begin{array}{l} \text{(ক)} \quad \frac{৮}{৩} \\ \therefore \frac{৮}{৩} = ২ \frac{২}{৩} \end{array} \quad \left| \begin{array}{l} ৩) ৮ (২ \\ \underline{৬} \\ ২ \end{array} \right.$$

সুতারাৎ, মিশ্র ভগ্নাংশ $২ \frac{২}{৩}$

$$\begin{array}{l} \text{(খ)} \quad \frac{৩৯}{১৮} \\ \therefore \frac{৩৯}{১৮} = ২ \frac{৩}{৬} \\ = ২ \frac{১}{২} \end{array} \quad \left| \begin{array}{l} ১৮) ৩৯ (২ \\ \underline{৩৬} \\ ৩ \end{array} \right.$$

সুতারাৎ, মিশ্র ভগ্নাংশ $২ \frac{১}{২}$

$$\begin{array}{l} \text{(গ)} \quad \frac{৪৭}{১৯} \\ \therefore \frac{৪৭}{১৯} = ২ \frac{৯}{১৯} \end{array} \quad \left| \begin{array}{l} ১৯) ৪৭ (২ \\ \underline{৩৮} \\ ৯ \end{array} \right.$$

সুতারাৎ, মিশ্র ভগ্নাংশ $২ \frac{৯}{১৯}$

$$\begin{array}{l} \text{(ঘ)} \quad \frac{২২৭}{২৫} \\ \therefore \frac{২২৭}{২৫} = ৯ \frac{২}{২৫} \end{array} \quad \left| \begin{array}{l} ২৫) ২২৭ (৯ \\ \underline{২২৫} \\ ২ \end{array} \right.$$

সুতারাৎ, মিশ্র ভগ্নাংশ $৯ \frac{২}{২৫}$



$$(ঙ) \frac{২১১}{৩০} \quad \left| \begin{array}{r} ৩০) ২১১(৭ \\ \underline{২১০} \\ ১ \end{array} \right.$$

$$\therefore \frac{২১১}{৩০} = ৭ \frac{১}{৩০}$$

সুতারাৎ, মিশ্র ভগ্নাংশ $৭ \frac{১}{৩০}$

$$(চ) \frac{৩১৫}{৩৭} \quad \left| \begin{array}{r} ৩৭) ৩১৫(৮ \\ \underline{২৯৬} \\ ১৯ \end{array} \right.$$

$$\therefore \frac{৩১৫}{৩৭} = ৮ \frac{১৯}{৩৭}$$

সুতারাৎ, মিশ্র ভগ্নাংশ $৮ \frac{১৯}{৩৭}$

$$(ছ) \frac{৪০৭}{৪০} \quad \left| \begin{array}{r} ৪০) ৪০৭(১০ \\ \underline{৪০} \\ ৭ \end{array} \right.$$

$$\therefore \frac{৪০৭}{৪০} = ১০ \frac{৭}{৪০}$$

সুতারাৎ, মিশ্র ভগ্নাংশ $১০ \frac{৭}{৪০}$

$$(জ) \frac{৫২১}{৪৫} \quad \left| \begin{array}{r} ৪৫) ৫২১(১১ \\ \underline{৪৫} \\ ৭১ \\ \underline{৪৫} \\ ২৬ \end{array} \right.$$

$$\therefore \frac{৫২১}{৪৫} = ১১ \frac{২৬}{৪৫}$$

সুতারাৎ, মিশ্র ভগ্নাংশ $১১ \frac{২৬}{৪৫}$



$$\begin{array}{l} \text{(ঝা)} \quad \frac{৭৫০}{১১৯} \\ \hline \therefore \frac{৭৫০}{১১৯} = ৬ \frac{৩৬}{১১৯} \end{array} \quad \begin{array}{l} ১১৯)৭৫০(৬ \\ \underline{৭১৪} \\ ৩৬ \end{array}$$

সুতারাং, মিশ্র ভগ্নাংশ $৬ \frac{৩৬}{১১৯}$

$$\begin{array}{l} \text{(ঞা)} \quad \frac{১৪১৬}{২০৩} \\ \hline \therefore \frac{১৪১৬}{২০৩} = ৬ \frac{১৯৮}{২০৩} \end{array} \quad \begin{array}{l} ২০৩)১৪১৬(৬ \\ \underline{১২১৮} \\ ১৯৮ \end{array}$$

সুতারাং, মিশ্র ভগ্নাংশ $৬ \frac{১৯৮}{২০৩}$

৪। নিচের মিশ্র ভগ্নাংশগুলোকে অপ্রকৃত ভগ্নাংশে রূপান্তর কর :

(ক) $৩ \frac{৩}{৪}$ (খ) $১২ \frac{৫}{৯}$ (গ) $১৬ \frac{২}{৭}$ (ঘ) $১৫ \frac{৯}{১৬}$
 (ঙ) $৩০ \frac{৭}{৩০}$ (চ) $৫৫ \frac{৩}{১০}$ (ছ) $৬৮ \frac{২}{১৫}$ (জ) $৭৫ \frac{১৭}{২৫}$
 (ঝা) $৮০ \frac{১১}{২৩}$ (ঞা) $১১০ \frac{১৩}{২৯}$

সমাধান :

$$\begin{aligned} \text{(ক)} \quad ৩ \frac{৩}{৪} &= \frac{৩ \times ৪ + ৩}{৪} \\ &= \frac{১৫}{৪} \\ \therefore ৩ \frac{৩}{৪} &= \frac{১৫}{৪} \end{aligned}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{১৫}{৪}$ ।



$$\begin{aligned} \text{(খ)} \quad ১২ \frac{৫}{৯} &= \frac{১২ \times ৯ + ৫}{৯} \\ &= \frac{১০৮ + ৫}{৯} \\ &= \frac{১১৩}{৯} \end{aligned}$$

$$\therefore ১২ \frac{৫}{৯} = \frac{১১৩}{৯}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{১১৩}{৯}$ ।

$$\begin{aligned} \text{(গ)} \quad ১৬ \frac{২}{৭} &= \frac{১৬ \times ৭ + ২}{৭} \\ &= \frac{১১২ + ২}{৭} \\ &= \frac{১১৪}{৭} \end{aligned}$$

$$\therefore ১৬ \frac{২}{৭} = \frac{১১৪}{৭}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{১১৪}{৭}$ ।

$$\begin{aligned} \text{(ঘ)} \quad ২৫ \frac{৯}{১৬} &= \frac{২৫ \times ১৬ + ৯}{১৬} \\ &= \frac{৪০০ + ৯}{১৬} \\ &= \frac{৪০৯}{১৬} \end{aligned}$$

$$\therefore ২৫ \frac{৯}{১৬} = \frac{৪০৯}{১৬}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{৪০৯}{১৬}$ ।

$$\begin{aligned} \text{(ঙ)} \quad ৩০ \frac{৭}{৩০} &= \frac{৩০ \times ৩০ + ৭}{৩০} \\ &= \frac{৯০০০ + ৭}{৩০} \end{aligned}$$



$$= \frac{৯০৭}{৩০}$$

$$\therefore ৩০ \frac{৭}{৩০} = \frac{৯০৭}{৩০}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{৯০৭}{৩০}$ ।

$$(চ) ৫৫ \frac{৩}{১০} = \frac{৫৫ \times ১০ + ৩}{১০}$$

$$= \frac{৫৫০ + ৩}{১০}$$

$$= \frac{৫৫৩}{১০}$$

$$\therefore ৫৫ \frac{৩}{১০} = \frac{৫৫৩}{১০}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{৫৫৩}{১০}$ ।

$$(ছ) ৬৮ \frac{২}{১৫} = \frac{৬৮ \times ১৫ + ২}{১৫}$$

$$= \frac{১০২০ + ২}{১৫}$$

$$= \frac{১০২২}{১৫}$$

$$\therefore ৬৮ \frac{২}{১৫} = \frac{১০২২}{১৫}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{১০২২}{১৫}$ ।

$$(জ) ৭৫ \frac{১৭}{২৫} = \frac{৭৫ \times ২৫ + ১৭}{২৫}$$

$$= \frac{১৮৭৫ + ১৭}{২৫}$$

$$= \frac{১৮৯২}{২৫}$$

$$\therefore ৭৫ \frac{১৭}{২৫} = \frac{১৮৯২}{২৫}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{১৮৯২}{২৫}$ ।

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে পড়াশোনা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

$$(ঝ) ৮০ \frac{১১}{২৩} = \frac{৮০ \times ২৩ + ১১}{২৩}$$

$$= \frac{১৮৪০ + ১১}{২৩}$$

$$= \frac{১৮৫১}{২৩}$$

$$\therefore ৮০ \frac{১১}{২৩} = \frac{১৮৫১}{২৩}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{১৮৫১}{২৩}$ ।

$$(ঞ) ১১০ \frac{১৩}{২৯} = \frac{১১০ \times ২৯ + ১৩}{২৯}$$

$$= \frac{৩১৯০ + ১৩}{২৯}$$

$$= \frac{৩২০৩}{২৯}$$

$$\therefore ১১০ \frac{১৩}{২৯} = \frac{৩২০৩}{২৯}$$

সুতারাং, অপ্রকৃত ভগ্নাংশ $\frac{৩২০৩}{২৯}$ ।

৫। খালি ঘরে সঠিক সংখ্যা বসাতো :

$$(ক) \frac{৮৫}{১২} = ৭ \frac{১}{\square}$$

$$(খ) ১৫ \frac{৭}{৩০} = \frac{\square}{৩০}$$

$$(গ) \frac{৮৫}{১২} = \square \frac{১}{১৩}$$

$$(ঘ) ১৬ \frac{৩৭}{৪৩} = \frac{\square}{৪৩}$$

$$(ঙ) \frac{১৪৮৫}{২৪৭} = \square \frac{৩}{২৪৭}$$

সমাধান :

$$(ক) \frac{৮৫}{১২} = ৭ \frac{১}{\square}$$

$$\frac{৮৫}{১২} = ৭ \frac{১}{১২}$$

$$\begin{array}{r} ১২) ৮৫ (৭ \\ \underline{৮৪} \\ ১ \end{array}$$

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

$$\therefore \frac{৮৫}{১২} = ৭ \frac{১}{\boxed{১২}}$$

খালির ঘরে সঠিক সংখ্যাটি হবে ১২।

$$(খ) ১৫ \frac{৭}{৩০} = \frac{\boxed{}}{৩০}$$

$$\begin{aligned} ১৫ \frac{৭}{৩০} &= \frac{১৫ \times ৩০ + ৭}{৩০} \\ &= \frac{৪৫০ + ৭}{৩০} \end{aligned}$$

$$\therefore ১৫ \frac{৭}{৩০} = \frac{\boxed{৪৫৭}}{৩০}$$

খালির ঘরে সঠিক সংখ্যাটি হবে ৪৫৭।

$$(গ) \frac{২৭}{১৩} = \boxed{} \frac{১}{১৩} \quad ১৩) ২৭ (২$$

$$\frac{২৭}{১৩} = ২ \frac{১}{১৩}$$

$$\therefore \frac{২৭}{১৩} = \boxed{২} \frac{১}{১৩}$$

খালির ঘরে সঠিক সংখ্যাটি হবে ২।

$$(ঘ) ১৬ \frac{৩৭}{৪৩} = \frac{\boxed{}}{৪৩}$$

$$\begin{aligned} ১৬ \frac{৩৭}{৪৩} &= \frac{১৬ \times ৪৩ + ৩৭}{৪৩} \\ &= \frac{৬৮৮ + ৩৭}{৪৩} \end{aligned}$$

$$\therefore ১৬ \frac{৩৭}{৪৩} = \frac{\boxed{৭২৫}}{৪৩}$$

খালির ঘরে সঠিক সংখ্যাটি হবে ৭২৫।



$$(ঙ) \frac{১৪৮৫}{২৪৭} = \boxed{} \frac{৩}{২৪৭} \quad ২৪৭ \times ১৪৮৫ (৬)$$

$$\frac{১৪৪৮}{২৪৭} = ৬ \frac{৩}{২৪৭}$$

$$\therefore \frac{১৪৪৮}{২৪৭} = \boxed{৬} \frac{৩}{২৪৭}$$

খালির ঘরে সঠিক সংখ্যাটি হবে ৬।

৬। জয়ার কাছে ৫টি কলম ছিল। সে তার ছোট ভাইকে ২টি কলম দিল। জয়া তার মোট কলমের কত অংশ ছোট ভাইকে দিল?

সমাধান :

জয়ার কাছে কলম ছিল ৫টি
ছোট ভাইকে দিল ২টি

$$১টি কলম = ৫টি কলমের \frac{১}{৫} \text{ অংশ}$$

$$\therefore ২টি কলম = ৫টি কলমের \frac{২}{৫} \text{ অংশ}$$

জয়া তার মোট কলমের $\frac{২}{৫}$ অংশ ছোট ভাইকে দিল।

৭। মামুনের কাছে ২০০ টাকা ছিল। সে ৫০ টাকা দিয়ে একটি বই কিনলো। মামুন মোট টাকার কত অংশ বই কিনতে খরচ করল?

সমাধান :

মামুনের কাছে ছিল ২০০ টাকা
বই কিনল ৫০ টাকা দিয়ে

$$১ টাকা = ২০০ টাকার \frac{১}{২০০} \text{ অংশ}$$

$$\therefore ৫০ টাকা = ২০০ টাকার \frac{৫০}{২০০} \text{ অংশ}$$

$$= \frac{১}{৪} \text{ অংশ}$$

মামুনের মোট টাকার $\frac{১}{৪}$ অংশ বই কিনতে খরচ করল।

ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

OnLineCoaching.com.bd [বি.দ্র. ব্যবসায়িক উদ্দেশ্যে কপিরাইট করা নিষিদ্ধ] প্রথমিক গণিত (V)

৮। অনিকের কাছে ২০টি চকলেট আছে। এ থেকে ১০টি চকলেট নিয়ে তার অর্ধেক বন্ধুদের দিল। অনিক তার কাছে থাকা মোট চকলেটের কত অংশ বন্ধুদের দিল?

সমাধান :

অনিকের কাছে চকলেট আছে ২০ টি
সে চকলেট নিল ১০ টি

$$\therefore \text{বন্ধুদের দিল } \left(10 \times \frac{1}{2}\right) \text{ টি} = 5 \text{ টি}$$

$$1 \text{ টি চকলেট} = 20 \text{ টি চকলেটের } \frac{1}{20} \text{ অংশ}$$

$$\therefore 5 \text{ টি চকলেট} = 20 \text{ চকলেটের } \frac{5 \times 1}{20} \text{ অংশ}$$

$$= \frac{1}{4} \text{ অংশ}$$

অনিক তার বন্ধুদের চকলেটের $\frac{1}{4}$ অংশ দিল।

৯। রফিক সাহেব তার ৩ বিঘা জমির ২ বিঘায় গাঁদা ফুল এবং বাকি জমির অর্ধেক রজনীগন্ধা ফুলের চাষ করলেন। তিনি কত বিঘা জমিতে রজনীগন্ধা ফুলের চাষ করলেন?

সমাধান :

মোট জমি ৩ বিঘা

গাঁদা ফুল চাষ করলেন ২ বিঘা

$$\text{বাকি জমি} = (3 - 2) \text{ বিঘা}$$

$$= 1 \text{ বিঘা}$$

বাকি জমির ১ অর্থাৎ ১ বিঘার অর্ধেকের মধ্যে রজনীগন্ধা চাষ করলেন।

$$\text{বাকি জমির অর্ধেক} = 1 \text{ এর } \frac{1}{2} \text{ বিঘা}$$

$$= \frac{1}{2} \text{ বিঘা}$$

রফিক সাহেব $\frac{1}{2}$ বিঘা জমিতে রজনীগন্ধা ফুলের চাষ করলেন।



ঘরে বসে অলাইন MCQ Test দিয়ে সারা বাংলাদেশে বিভিন্ন ধরনের ছাত্র/ছাত্রীদের সাথে সহজে তুলনা করুন

PSC, JSC, SSC & HSC একাডেমিক, Medical, Varsity Admission Test & BCS Preliminary Program

www.onlinecoaching.com.bd, info@onlinecoaching.com.bd, 01716599325

